৩

দৈনিক বাংলা

তারিখ ... 16 SEP 1994

পৃষ্ঠা কলাম

# মেধা পাচার রোধ করতে হবে ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস দেশ থেকে মেধা পাচার রোধে সাহায্য করতে শিক্ষাব্যবস্থার সমস্যা ও অনিয়ম দূর করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। খবর বাসসর।

প্রেসিডেন্ট বিশ্বাস বৃহস্পতিবার ঢাকায় ডঃ মালিকা কলেজের ১২তম প্রতিষ্ঠা-বার্ষিকী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণদানকালে একথা বলেন। বিশিষ্ট শিক্ষাবিদ ও বিজ্ঞানী ডঃ ইন্নাস আলী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ মুহাম্মদ আবদুল বারী, কলেজের অধ্যক্ষা ডঃ মালিকা আল–রাজী ও কলেজ পরিচালনা কমিটির ভাইস চেয়ারম্যান আবদুল আজিজ বক্তৃতা করেন। অনুষ্ঠানে বেগম আবদুর রহমান বিশ্বাসও উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বলেন, দেশ থেকে মেধাবী ছাত্রদের বিদেশে পাড়ি জমান রোধের জন্য সময়ের চাহিদা অনুযায়ী উন্নততর পাঠক্রম চালু করা দরকার। শিক্ষাবিদ ও বুদ্ধি–জীবীদের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা করাই শিক্ষার উন্নয়নের জন্য যথেষ্ট নয়। এর চেয়ে বরং শিক্ষার উন্নয়নের জন্য শিক্ষা পদ্ধতিতে গুণগত পরিবর্তনের লক্ষ্যে তাদের উদ্যোগ নেয়া প্রয়োজন।

প্রেসিডেন্ট বিশ্বাস সন্তোষের সঙ্গে উল্লেখ করেন যে নবপ্রতিষ্ঠিত বেসরকারী বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান মেধা প্রচার রোধে ইতিমধ্যেই উন্নততর পাঠক্রম চালু করেছে।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, দেশের মহিলারা এখনও শিক্ষা থেকে পিছনে রয়েছে। তিনি বলেন, জাতীয় উন্নয়নে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করতে নারী শিক্ষাকে সহজতর করা আমাদের মহান দায়িত্ব। এ প্রসঙ্গে তিনি নারী শিক্ষা উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচীর কথা উল্লেখ করেন। এর মধ্যে রয়েছে বালিকাদের জন্য অবৈতনিক বিদ্যালয়ে পড়া, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, শিক্ষার জন্য খাদ্য এবং বিশেষ বৃত্তি।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, ১২ বছর আগে কলেজ প্রতিষ্ঠার মাধ্যমে ডঃ মালিকা আল রাজী সমাজের প্রতি তার দায়িত্বের পরিচয় দিয়েছেন। তিনি সন্তোষের সঙ্গে লক্ষ্য করেন যে কলেজের শিক্ষা-পদ্ধতি, ছাত্র ও শিক্ষকদের মধ্যে সম্পর্ক এবং প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য একটি উদারহণ সৃষ্টি করেছে।

প্রেসিডেন্ট বলেন, আদর্শ শিক্ষা–প্রতিষ্ঠান সৃষ্টির জন্য আমাদের জাতীয় সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। তিনি বলেন, এ লক্ষ্যে আমাদের শিক্ষক, ছাত্র, অভিভাবক ও সকলের ঐক্যবদ্ধ উদ্যোগ দরকার।

পরে প্রেসিডেন্ট কলেজের ছাত্র, শিক্ষক ও কর্মচারীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

## জা'নগর ভার্সিটি ছাত্র প্রতিনিধিদল

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল বৃহস্পতিবার প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে বঙ্গভবনের সাক্ষাৎ করেন।

ভূগোল বিভাগের প্রভাষক খন্দকার শরীফুল হুদার নেতৃত্বে এ প্রতিনিধিদলের মধ্যে ছিলেন, সাজ্জাদ আনোয়ার মাহমুদ, ওয়াহিদুল আরেফিন, মাকসুদা আখতার, ফারজানা হোসেন, তুহিন আখতার, কানিজ সালমা, মিসেস শরীফুল হুদা এবং উপেন দেওয়ান।